



## মিরপুর রোডে টিচার্স ট্রেনিং কলেজের শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ

২৫ মিনিটের সংঘর্ষে দুটি গাড়ি ভাঙচুর, গ্রেপ্তার ২

কাগজ প্রতিবেদক : ঢাকা টিচার্স ট্রেনিং কলেজের বিএড অনার্সের শিক্ষার্থীদের সঙ্গে গতকাল রোববার পুলিশের সংঘর্ষ হয়েছে। বিভিন্ন দাবিতে শিক্ষার্থীরা মিছিল বের করায় পুলিশ বাধা দেওয়ায় এই সংঘর্ষ বাধে। এই ঘটনায় পুলিশ দুই শিক্ষার্থীকে গ্রেপ্তার করেছে।

বিএড অনার্স এবং বিএড অনার্সসহ এমএড ডিগ্রিধারীদের যথাক্রমে স্বাতন্ত্র্য সম্মান ও স্বাতন্ত্র্যের সমন্বয়ে অন্তর্ভুক্তকরণ, শিক্ষা প্রশাসনসহ সকল ক্ষেত্রে বিএড এবং এমএড ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান, পিএসসিতে সুযোগ প্রদান, কলেজগুলোতে একদশ-দ্বাদশ শ্রেণীর নৈর্ব্যচনিক বিষয় হিসেবে শিক্ষা বিষয়ন বিষয় চালু করা সহ বিভিন্ন দাবি নিয়ে এসব শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে। আন্দোলনের অংশ হিসেবে গতকাল সকাল সাড়ে ১১টায় টিচার্স ট্রেনিং কলেজ ক্যাম্পাসে শিক্ষার্থীরা সমাবেশ করে। সমাবেশ শেষে বের হওয়া মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে মিরপুর রোডে এসে পুলিশ বাধা দেয়। এ সময় শিক্ষার্থীদের

সঙ্গে পুলিশের কড়া কাটাকাটি থেকে হাতাহাতি হয়। পরিস্থিতি উত্তর হয়ে উঠলে পুলিশ বেধড় লাঠিচার্জ করে। এক পর্যায়ে পুলিশের সঙ্গে তাদের ধাওয়াপাল্টা ধাওয়া হয়। পুলিশ ২-৩ হাউজ ফাঁকা রাবার বুলেট ছোড়ে। এই পরিস্থিতিতে ৩-৪টা গাড়ি ভাঙচুরের ঘটনা ঘটে। প্রায় ২৫ মিনিট এই উত্তেজনার অবস্থার মধ্যে পুলিশ দুই জন শিক্ষার্থীকে গ্রেপ্তার করে। পরে শিক্ষার্থীরা ছড়তঙ্গ হয়ে গেলে পরিস্থিতি স্বাভাবিক হয়। এই সংঘর্ষের কারণে প্রায় আধাঘণ্টা ঐ সড়ক দিয়ে যানচলাচলে বিঘ্ন ঘটে বলে জানা গেছে।

এদিকে পুলিশের এই হামলার নিন্দা জানিয়ে আন্দোলন কমিটির আহ্বায়ক মোঃ মহসীন হোসেন এক বিবৃতি দিয়েছেন।

তিনি গ্রেপ্তারকৃতদের মুক্তি দাবি করে বিবৃতিতে বলেছেন, পুলিশের এই হামলা তাদের আন্দোলন থেকে বিস্মৃতা নড়াতে পারবে না। এদিকে ধানমন্ডি থানা পুলিশ জানায়, গ্রেপ্তারকৃতদের স্বাভাবিক কর্তৃপক্ষের জিহ্বায় জামিন দেওয়া হয়েছে।